## এপ্রিল/২০২২ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
## জেলাঃ রাজশাহী

সভাপতি : আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী

স্থান : জেলা প্রশাসক, রাজশাহীর সম্মেলন কক্ষ

তারিখ : ১৭/০৪/২০২২ খ্রি.

সময় : বেলা ১১.০০ ঘটিকা

আলোচনা -১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা - ২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি এপ্রিল/২২ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান নিম্নোক্ত ছকে উল্লেখ করেন।

| # | উপজেলার নাম | ইউরিয়া | | | টিএসপি | | | এমওপি | | | ডিএপি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ |
| ১ | পাবা | ১২৮ | ৯৮ | ১৮৪ | ৪৩ | ৩১ | ৭৮ | ৪১ | ২২ | ৩২ | ১০০ | ৪৬ | ২২৭ |
| ২ | তানোর | ১১৭ | ১০৩ | ১১৫ | ৬৩ | ১২ | ৯৪ | ৮৪ | ৩২ | ২০ | ১৫০ | ৭০ | ১৭২ |
| ৩ | মোহনপুর | ২৫০ | ১৮৭ | ১১৩ | ৪৯ | ৩৪ | ১৫০ | ৪৪ | ২৩ | ২০ | ১৫২ | ৯৩ | ৪৪৫ |
| ৪ | বাগমারা | ১৪৫ | ৯৭ | ১৬৬ | ৫২ | ০৯ | ৮৬ | ৫৫ | ২০ | ৩৫ | ১৫০ | ৩০ | ২২৪ |
| ৫ | দুর্গাপুর | ১১৫ | ১৩৫ | ১৯১ | ৫৫ | ১০ | ৭৩ | ৮০ | ১০ | ৩৭ | ২২০ | ১৯ | ৩১১ |
| ৬ | পুঠিয়া | ১২৮ | ১৩৮ | ৪১৩ | ৩২ | ২০ | ২৫ | ৭৫ | ৫৪ | ২৯ | ১৮১ | ১৩৫ | ২৮০ |
| ৭ | গোদাগাড়ী | ৭৭২ | ৫৬২ | ৩০৩ | ১৩৮ | ২৭ | ১৩৮ | ১২৪ | ৩৫ | ৪৫ | ৩০৫ | ১০০ | ৪৬৮ |
| ৮ | চারঘাট | ১৩৫ | ৯৯ | ১২০ | ৩০ | ২০ | ৮ | ৬৬ | ২৪ | ১৫ | ১৫৫ | ৬৭ | ৮০ |
| ৯ | বাঘা | ২২৩ | ১১৪ | ১৯০ | ৩৭ | ২১ | ৮০ | ৪৬ | ৯ | ৫ | ১৪৫ | ৫৪ | ৩২৫ |
| ১০ | বোয়ালিয়া | ১৩ | ১৩ | ১৫ | ৩ | ০ | ৩ | ৫ | ০ | ১ | ১০ | ০ | ৬ |
| ১১ | মতিহার | ৮ | ০ | ৫ | ২ | ০ | ২ | ৩ | ০ | ১ | ৭ | ০ | ১০ |
| | মোট | ২০৩৪ | ১৫৪৬ | ১৮১৫ | ৫০৪ | ১৮৫ | ৭৩৭ | ৬২৩ | ২২৮ | ২৪০ | ১৭০০ | ৬১৪ | ২৫৪৮ |

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ৩০৪২ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ১৯৭২ মেঃটন, এমওপি ১০৬৭ মেঃটন এবং ডিএপি ৪৬৪৫ মেঃটন সার মজুদ রয়েছে। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ৮০০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২২৮৮ মেঃটন, টিএসপি ২৭৫ মেঃটন, এমওপি ৫৫৪ মেঃটন এবং ডিএপি ১৭৬৬ মেঃটন। এ বিষয়ে উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতি ক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(২) সার বিতরন ব্যবস্থা মনিটরিং জোরদারকরণ এবং কোনক্রমেই যাতে সরকার নির্ধারিত মূল্যের অধিক মূল্যে সার বিক্রয় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হলো।

Scanned with CamScanner

আলোচনা - ৩ : বিসিআইসি সার ডিলারের মৃত্যুজনিত কারণে মালিকানা পরিবর্তন।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, রাজশাহী সভাকে জানান মোহনপুর উপজেলার বিসিআইসি সার ডিলার মেসার্স আলহেরা ট্রেডার্স এর স্বত্বাধিকারী মোঃ আঃ আজিজ মন্ডল গত ০৯ আগস্ট ২০২০ তারিখে মৃত্যুবরণ করায় ডিলারশীপ পরিচালনার জন্য তাহার স্ত্রী মোসাঃ হাজেরা বেগম আবেদন করেছেন। সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০০৯ এর ৫.৪ ধারা মোতাবেক ডিলারশীপের মালিনা হস্তান্তরের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করায় উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মোহনপুর, রাজশাহী সুপারিশসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী বরাবরে প্রেরণ করেছেন।

সিদ্ধান্ত : সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর ৫.৪ ধারা মোতাবেক মেসার্স আলহেরা ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, মোহনপুর, রাজশাহীর ডিলারশীপ তাহার স্ত্রী মোসাঃ হাজেরা বেগম এর নামে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হলো এবং ডিলারের আবেদন ও অন্যান্য কাগজপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বিসিআইসি বরাবরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচনা - ৪ : রীট পিটিশন নং ৫৪৩৪/২০২০ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, রাজশাহী সভাকে জানান মেসার্স রাজু এন্ড শুভ এন্টারপ্রাইজ, বিএডিসির নিবন্ধিত সার ডিলারের বিরুদ্ধে অননুমোদিত ও ভেজাল সার ক্রয়-বিক্রয়ের তথ্য প্রমানিত হওয়ায় উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, দুর্গপুর, রাজশাহীর সুপারিশের প্রেক্ষিতে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি গত ২৮/০৬/২০২০ তারিখের সভায় আলোচনা করে তাঁর বিএডিসি'র ডিলারশীপ ও খুচরা বিক্রেতার লাইসেন্স বাতিল করেন। পরবর্তীতে মেসার্স রাজু এন্ড শুভ এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আজাহার আলী মহামান্য হাইকোর্টে রীট পিটিশন দাখিল করে যার নং ৫৪৩৪/২০২০। মহামান্য আদালত তাঁর ডিলারশীপ বাতিলের আদেশটি ১৪/০৭/২০২২ তারিখ পর্যনৃত স্থগিতাদেশ প্রদান করেন। এ বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, দুর্গাপুর, রাজশাহী বিজ্ঞ জি.পি রাজশাহীর অভিমত গ্রহণ করে পরবর্তী করনীয় সম্পর্কে মতামত প্রেরণের জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে প্রেরণ করেছেন। উল্লেখ্য যে, বিজ্ঞ জি.পি রাজশাহী তাহার মতমত হিসাবে বলেন, মহামান্য হাইকোর্টের উক্ত রিট পিটিশনের ১৪/৭/২০২২ ইং তারিখ পর্যন্ত রিট পিটিশনকারী মেসার্স রাজু এন্ড শুভ এন্টারপ্রাইজ পূর্বের ন্যায় কার্যক্রম চালাইতে আইনতঃ বাধা নাই। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত : রীট পিটিশন নং ৫৪৩৪/২০২০ এর বিষয়ে মহামান্য আদালতের আদেশ মোতাবেক মেসার্স রাজু এন্ড শুভ এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আজাহার আলী, বিএডিসির নিবন্ধিত সার ডিলার, দুর্গাপুর, রাজশাহীর অনুকুলে আগামী ১৪/০৭/২০২২ তারিখ পর্যন্ত বিএডিসির সার বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৪/২২

আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি,রাজশাহী
ফোন ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ৮৬১ (৫৬) তারিখঃ ২১/০৪/২০২২ খ্রি.

বিতরণ সদয় অবগতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৬.

.....................................................................................(কমিটির সকল সদস্য)
.....................................................................................
.....................................................................................

২১/৪/২২
উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩

Scanned with CamScanner